



ইসরাইলি বিমান হামলায় লেবাননে ৬ জন নিহত



ছবি: আল জাজিরা

দক্ষিণ লেবাননের হারুফ শহরে একটি স্বাস্থ্যসেবা কেন্দ্র ও অ্যাম্বুলেন্স ইউনিটে ইসরাইলি হামলায় অন্তত ছয়জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ২২ জন।

নিহতদের মধ্যে তিনজন প্যারামেডিক সদস্য রয়েছেন।

প্রাথমিকভাবে হতাহতের সংখ্যা কম জানানো হলেও পরে লেবাননের স্থানীয় সূত্রগুলো মৃত্যুর সংখ্যা বাড়ার তথ্য নিশ্চিত করে। হামলার পর এলাকাজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং উদ্ধারকর্মীরা আহতদের হাসপাতালে নেওয়ার কাজ শুরু করেন।

আল জাজিরা আরবির প্রতিবেদনে বলা হয়েছে, স্বাস্থ্যকেন্দ্র লক্ষ্য করে চালানো বিমান হামলায় ভবনটির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আহতদের কয়েকজনের অবস্থা গুরুতর হওয়ায় মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

সূত্র: আল জাজিরা

LENS ASIA